

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রথম অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ওপর ফিডব্যাক প্রদান উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সালাহউদ্দিন মাহমুদ
অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রণয়),
শিল্প মন্ত্রণালয়
তারিখ : ০৬/০৮/২০২০
সময় : সকাল ১০.৩০ টা
স্থান : জুম এ্যাপস এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব-কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের আওতাধীন ১২টি দপ্তর/সংস্থা-ই মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে (২৩ জুলাই ২০২০) ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া দাখিল করেছে। সভায় উক্ত খসড়াসমূহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, সকল দপ্তর/সংস্থা-ই কর্মপরিকল্পনায় কিছু সহজ ও রুটিন কার্যক্রম অন্তর্ভুক্ত করেছে এবং অনেক ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক ও নির্দেশনা অনুসরণ করা হয়নি।	(ক) ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সহজ ও রুটিন কার্যক্রমসমূহ পরিহার করে চ্যালেঞ্জিং ও অধিক গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করতে হবে। (খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সংশ্লিষ্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১ এ উল্লিখিত নির্দেশনা ও নির্ধারিত ছক যথাযথভাবে অনুসরণ করে স্ব স্ব দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতে হবে। (গ) কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে কোন ধরনের অস্পষ্টতা থাকলে শিল্প মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)
২.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত আগামী ১০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনার চূড়ান্ত কপি এ মন্ত্রণালয়ের প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার বিষয়েও সভায় আলোচনা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত আগামী ১০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনার চূড়ান্ত কপি মন্ত্রণালয়ের প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)

স্বাক্ষর

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.	শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল কার্যক্রম সময়মতো সঠিক ও সুষ্ঠুভাবে বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ক্ষেত্রে সবাইকে সচেষ্ট ও আন্তরিক হওয়ার বিষয়েও সভায় আলোচনা হয়।	শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সঠিক ও সুষ্ঠুভাবে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ক্ষেত্রে সবাইকে সচেষ্ট ও আন্তরিক হতে হবে।	শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত ০৬.০৮.
সালাহউদ্দিন মাহমুদ
অতিরিক্ত সচিব 2020
শিল্প মন্ত্রণালয়